

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ১৮

আগরতলা, ৩০ এপ্রিল, ২০২৪

প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ২৯ এপ্রিল, ২০২৪ প্রতিবাদী কলম পত্রিকায় ‘রাজ্যপাল সকাশে অপহরণে অভিযুক্ত’ এবং Planet East পত্রিকায় ‘Accused in kidnap-case pictured with Governor’ শিরোনামে প্রকাশিত সংবাদ দুটি রাজভবনের নজরে এসেছে। প্রকাশিত সংবাদ দুটির প্রতিবাদ জানিয়ে রাজভবন থেকে বলা হয়েছে, ছিনাইহানি এলাকার বৈশ্যপাড়া নিবাসী সন্তোষ দাসের অপহরণ কাণ্ডে অভিযুক্ত দুর্গাপ্রসন্ন দেব ওরফে ভিকি সরাসরি রাজভবনে এসে রাজ্যপালের সাথে বসে ক্যামেরার দিকে পোজ দিয়েছেন বলে যা পত্রিকা দুটিতে প্রকাশিত হয়েছে তা সঠিক নয়।

প্রকৃত ঘটনা হচ্ছে, সংবাদের সাথে প্রকাশিত ছবিটি আগরতলার মা আনন্দময়ী আশ্রমে ত্রিপুরার প্রথম মুখ্যমন্ত্রী স্বর্গীয় শচীন্দ্রলাল সিংহের প্রয়াত স্ত্রীর পারলৌকিক কাজ উপলক্ষে অনুষ্ঠানের সময় কোনও এক ব্যক্তি তুলেছেন। সংবাদ ও ছবিতে উল্লেখিত ব্যক্তি রাজভবনে আসেননি বা রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎও করেননি। পাশাপাশি কোনও অনুষ্ঠানে উপস্থিত ব্যক্তিগণের মধ্যে অভিযুক্ত কোনও ব্যক্তিকে সনাক্ত করাও সম্ভব নয়।

রাজভবন থেকে প্রকাশিত সংবাদ দুটির প্রতিবাদ জানিয়ে বলা হয়েছে, এই দুটি সংবাদের মধ্য দিয়ে রাজ্যপালের পদের গরিমা ও সম্মানহানির চেষ্টা করা হয়েছে। প্রকাশিত এ ধরনের সংবাদ অপমানজনক ও অবমাননাকর। প্রকাশিত এই দুটি সংবাদের প্রতি রাজভবন থেকে তীব্র নিন্দা জানানো হয়েছে।
